

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

## উল্লেখযোগ্য ঘটনাবলী (الوقائع المتميزة في غزوة ذات الرقاع)

- (২) এই দিন রাসূল (ছাঃ) এক দলের পর আরেক দলকে নিয়ে 'ছালাতুল খাওফ' আদায় করেন ফলে অন্যদের দু'রাক'আত হয় এবং রাসূল (ছাঃ)-এর চার রাক'আত হয় (বুখারী হা/৪১৩৬)।
- (৩) যুদ্ধ হ'তে ফেরার পথে বন্দীনী এক মুশরিক মহিলার স্বামী বদলা হিসাবে মুসলিম বাহিনীর রাতের বেলায় বিশ্রামের সুযোগে পাহারায় নিযুক্ত ছাহাবী 'আববাদ বিন বিশরের(عَبَّادُ بِنُ بِشِنْ) উপরে ছালাতরত অবস্থায় পরপর তিনটি তীর নিক্ষেপ করে তাঁকে মারাত্মক আহত করা সত্ত্বেও তিনি ছালাত ছেড়ে দেননি। পরে অন্য পাহারা 'আম্মার বিন ইয়াসির যখন বলেন, আমাকে কেন জাগাননি? তখন তিনি বলেন, وَانِّيْ كُنْتُ فِيْ سُوْرَةٍ فَكَرِهْتُ أَنْ 'আমি এমন একটি সূরা পাঠে মগ্ন ছিলাম, যা থেকে বিরত হওয়াটা আমি অপছন্দ করেছিলাম'।[3] সেটি ছিল সূরা 'কাহফ'।[4]

এই অভিযানের ফলে বনু গাত্বফানের লোকেরা আর মাথা উঁচু করেনি। তারা ক্রমে ক্রমে সবাই ইসলাম কবুল করে। তাদের অনেকে মক্কা বিজয়ের অভিযানে ও তার পরে হোনায়েন যুদ্ধে মুসলিম বাহিনীর সাথে যোগ দেয় এবং হোনায়েনের গণীমতের অংশ লাভ করে। মক্কা বিজয়ের পর তারা মদীনায় যাকাত পাঠাতে থাকে। এভাবে আহ্যাব যুদ্ধে অংশগ্রহণকারী তিনটি প্রধান শাখার সবগুলিই পদানত হয়। ফলে সর্বত্র শান্তি ও স্থিতি বিরাজ করতে থাকে' (আর-রাহীক্ব ৩৮১-৮২ পৃঃ)। এই অভিযানের ফলে শামের দিকে মদীনার প্রভাব বিস্তার সহজ হয়ে



যায় (সীরাহ ছহীহাহ ২/৪৬২)।

## ফুটনোট

- [1]. বুখারী হা/8১৩৬; মুসলিম হা/৮৪**৩**।
- [2]. আহমাদ হা/১৪৯৭১; হাকেম হা/৪৩২২, সনদ ছহীহ; মিশকাত হা/৫৩০৫।
- [3]. ইবনু হিশাম ২/২০৮-০৯; যাদুল মা'আদ ৩/২২৭-২৮; আর-রাহীক ৩৮১-৮২ পৃঃ; আবুদাঊদ হা/১৯৮, সনদ হাসান।
- [4]. শামসুল হক আযীমাবাদী (১২৭৩-১৩২৯ হি./১৮৫৬-১৯১১ খৃ.) 'আওনুল মা'বূদ শরহ সুনান আবুদাউদ (বৈরুত : ১৪১৫ হি.) হা/১৯৮-এর আলোচনা দ্রষ্টব্য ১/২২৯ পৃঃ।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5559

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন